

MAR 11 2002

যুগান্তর

ভাঙ্গিখ
ছটা

পলাশবাড়ীতে ব্র্যাক শিক্ষিকা ধর্ষিত

গাইবান্ধা প্রতিনিধি

পলাশবাড়ী উপজেলার শিবরামপুর গ্রামে ভগ্নিপতির বাড়িতে বেড়াতে এসে গত বৃহস্পতিবার রাতে ১৮ বছর বয়সী এক ব্র্যাক শিক্ষিকা ধর্ষিত হয়েছেন। গুরুতর অসুস্থ অবস্থায় ওই শিক্ষিকা এখন পলাশবাড়ী উপজেলা হাসপাতালে চিকিৎসাধীন। রোববার এ ব্যাপারে থানায় একটি মামলা হয়েছে। ধর্ষক ফুলমিয়া একজন সেনাসদস্য। ছুটিতে বাড়িতে এসে সে এই ঘটনা ঘটায়।

ভগ্নিপতির বাড়িতে বেড়াতে এলে পার্শ্ববর্তী বাড়ির সেনাসদস্য ফুলমিয়ার কুনজর পড়ে ব্র্যাক শিক্ষিকার ওপর। এরপর ঘটনার দিন রাত ১১টার দিকে ঘরের বেড়া খুলে ফুলমিয়া ওই শিক্ষিকার ঘরে ঢুকে তার মুখ চেপে ধরে ধর্ষণ করে। ফুলমিয়া এরপর পালিয়ে যাওয়ার চেষ্টা করলে ওই শিক্ষিকা তাকে জাপটে ধরে আটকায় এবং চিৎকার করে বাড়ির লোকজনকে ডাকে। এ সময় উভয় পরিবারের লোকজন ছুটে আসে এবং বিষয়টির বিচারের কুখা বলে ফুলমিয়ার পরিবারের লোকজন তাকে সুকৌশলে ছিনিয়ে নেয়। পরে ফুলমিয়াকে গোপনে তার কর্মস্থল চট্টগ্রামে পাঠিয়ে দেয়া হয়। পুলিশ সুপার তানুলাল দাস ঘটনাস্থল পরিদর্শন করেছেন।